দৈনিক বাংলা

তারিখ 21 AUG 1995
পৃষ্ঠা ১১ কলাম ২

39

# চট্টগ্রাম ভার্সিটির ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের বিরুদ্ধে অভিযোগ

**স্টাফ রিপোর্টার ঃ** চট্টগ্রাম, ১৯ আগস্ট।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার-এর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ উথাপন করে ভাইস চ্যান্সেলরের কাছে স্মারকলিপি প্রদান করেছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের প্যাডে পাঠানো এক বিবৃতিতে বলা হয়, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ডঃ এস এম মাহবুব উল হক মজুমদার ক্ষমতার অপব্যবহার করে স্বজনপ্রীতির মাধ্যমে তিন মাসের একটি জাপানী বৃত্তি বাছাইয়ের ক্ষেত্রে নিজেই কমিটি করে মনোনয়ন দেন। অথচ বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী প্রো–ভাইস চ্যান্সেলর এসব মনোনয়ন বিবেচনা করে থাকেন। এসব বৃত্তির ক্ষেত্রে একাডেমিক রেজাল্ট, চাকরির মেয়াদকাল ও প্রকাশনার বিষয়টি অগ্রাধিকার পেলেও রেজিস্ট্রার তা মানেননি। আজ সকালে শিক্ষক নেতৃবৃন্দ ভাইস চ্যান্সেলরের সঙ্গে সাক্ষাৎ করে এ মনোনয়ন পুনর্বিবেচনা ও রেজিস্ট্রারের ক্ষমতার অপব্যবহার তদন্তের দাবী জানান। স্মারকলিপিতে স্বাক্ষর করেন অধ্যাপক ডঃ মুহাম্মদ শামসুদ্দিন, অধ্যাপক আবদুন নূর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সিদ্দিক আহমদ চৌধুরী, মোহাম্মদ হাসান প্রমুখ।